

ড্রাম সীডার পরিচিতি

ড্রামসীডার প্লাস্টিকের তৈরি একটি আধুনিক বপন যন্ত্র। এ যন্ত্রের সাহায্যে কাদা মাটিতে অঙ্কুরিত বীজ সরাসরি বপন করা যায়। এটি ধান চাষের একটি বিকল্প ও উন্নত পদ্ধতি। এ পদ্ধতিতে সারিতে বীজ বোনা যায়। ব্রি ২০০৩ সালে বাংলাদেশে ড্রামসীডার প্রবর্তন করে।

ভিডিও - ড্রামসীডার

সরাসরি বপনের প্রয়োজনীয়তা

- ▶ বাংলাদেশে আবাদী জমির পরিমাণ দ্রুত হ্রাস পাচ্ছে, যা প্রতিবৎসর প্রায় শতকরা এক ভাগ। এ অবস্থায় সীমিত জমিতে বাড়তি ফসলের জন্য হেক্টর প্রতি ফলন বাড়াতে হবে।
- ▶ অকৃষি ক্ষেত্রে শ্রম বিনিয়োগের সুযোগ বৃদ্ধির ফলে কৃষি কাজের জন্য শ্রমিকের ঘাটতি দেখা দিচ্ছে। এর ফলে শ্রমিকমজুরি বেড়ে যাওয়ায় সনাতন পদ্ধতির ধান চাষ ব্যয়বহুল ও অলাভজনক হয়ে পড়ছে। ড্রামসীডার যন্ত্রের সাহায্যে কাদা মাটিতে সরাসরি অঙ্কুরিত বীজ বপন একটি শ্রম সাশ্রয়ী প্রযুক্তি, যার মাধ্যমে ধান চাষাবাদকে লাভজনক করা যেতে পারে।
- ▶ অধিকন্তু এ পদ্ধতিতে প্রচলিত রোপণের তুলনায় ধানের জীবনকাল প্রায় ১০-২০ দিন কমে যায় এবং ফলন প্রায় ১০-২০% বেশী হয়।
- ▶ ড্রামসীডার দিয়ে বপন কৃষকের জন্য স্বাস্থ্যসম্মত একটি পদ্ধতি। কারণ এর ফলে কৃষককে কাদা পানির মধ্যে কোমড় বাঁকা করে অনেক সময় ধরে চারা রোপণ করতে হয় না।



ড্রাম সিডার



ড্রাম সিডারে বপনকৃত জমি



দুই পদ্ধতির মধ্যে পার্থক্য

ড্রামসীডার ব্যবহারের ফলাফল

কৃষকের মাঠে

আমন ২০০৪ মৌসুমে ও বোরো ২০০৪ ও ২০০৫ মৌসুমে দেশের বিভিন্ন অঞ্চলে কৃষকের মাঠে ড্রামসীডার দিয়ে সরাসরি বোনা পদ্ধতিতে পরীক্ষা করে দেখা গেছে যে, ফলন গড়ে প্রায় ১৫% থেকে ২০% বেশী পাওয়া যায় এবং ধান ১০ থেকে ১২ দিন আগে কাটা যায়। ড্রামসীডার পদ্ধতিতে আবাদ করলে রোপণের তুলনায় আমন মৌসুমে হেক্টর প্রতি প্রায় ৬,০০০ টাকা এবং বোরো মৌসুমে প্রায় ৮,০০০ টাকা অধিক মুনাফা অর্জন করা সম্ভব।

গবেষণা মাঠে

জাত	ফলন (টন/হেক্টর)		% ফলন বৃদ্ধি	জীবনকাল (দিন)		জীবনকাল হ্রাস (দিন)
	বপন	রোপণ		বপন	রোপণ	
আমন						
ব্রি ধান৩০	৫.৩৫	৩.৭৬	৪২	১৩২	১৪৮	১৬
ব্রি ধান৩১	৩.৭০	৩.২৫	১৩	১১৮	১৩৭	১৯
ব্রি ধান৪১	৫.৫০	৪.৪০	২৫	১২৯	১৩৯	১০
বোরো						
ব্রি ধান২৮	৬.০০	৫.০২	২০	১৩০	১৪১	১১
ব্রি ধান২৯	৭.১৪	৬.০৩	১৮	১৫২	১৬২	১০
ব্রি ধান৩৬	৬.৫১	৫.৪৬	১৯	১২৮	১৪১	১৩

ড্রাম সীডার এখন বাংলাদেশেই তৈরি হচ্ছে

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ১: মডিউল ৫

ফ্যাক্ট শীট ১